



খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

প্রেস রিলিজ

Web: www.kmu.ac.bd
E-mail: kmu.khulna@gmail.com

স্মারক নং : খুমেবি/রেজি./নথি-২৬/২০২১-২০২৬/

তারিখ : ১৩ এপ্রিল, ২০২৬ খ্রি.

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের তৃতীয় উপাচার্য হিসেবে অধ্যাপক ডা. রফিকুস সালেহীন-এর নিয়োগলাভ



খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (খুমেবি) তৃতীয় উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন খ্যাতনামা চিকিৎসক ও সার্জারি বিশেষজ্ঞ অধ্যাপক ডা. রফিকুস সালেহীন (এমবিবিএস, এফসিপিএস, এফআরসিএস)। রোববার (১২ই এপ্রিল) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের চিকিৎসা শিক্ষা-১ শাখার উপসচিব রাহেলা রহমতউল্লাহ স্বাক্ষরিত প্রজ্ঞাপনের মাধ্যমে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্যের অনুমোদনক্রমে অধ্যাপক ডা. রফিকুস সালেহীন-কে উপাচার্য পদে পরবর্তী ০৪ (চার) বছরের জন্য নিয়োগ দেয়া হয়। অধ্যাপক ডা. রফিকুস সালেহীন বর্তমানে রাজধানীর ইউনাইটেড মেডিকেল কলেজ ও হাসপাতালের সার্জারি বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে কর্মরত ছিলেন। এর আগে তিনি সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজে সার্জারি বিভাগের অধ্যাপক ছিলেন। একজন দক্ষ সার্জন এবং অভিজ্ঞ শিক্ষক হিসেবে চিকিৎসা অঙ্গনে তাঁর দীর্ঘদিনের সুনাম রয়েছে।

তিনি খুব শিগগিরই খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে তার আনুষ্ঠানিক কার্যভার গ্রহণ করবেন।

স্বাক্ষরিত/-

এস এম আবু নাসের ফারুক

রেজিস্ট্রার

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়